



স্মারক সংখ্যা- ০৫.৫০.১০৮৮.০০০.১০.০০৫.২০২৩- ৮৩

তারিখ : ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৩ খ্রি.

সরকারী জলমহাল ইজারার অনলাইনে দরপত্র/আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধনকৃত মৎসজীবি সমবায় সমিতি সমন্বয়ে গঠিত সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৪৭ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী শেরপুর উপজেলার সরকারী জলমহাল (২০ একর পর্যন্ত) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন jm.lams.gov.bd- প্রবেশ করে আগামী ২০ জানুয়ারি হতে ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. তারিখ এবং বাংলা ০৬ মাঘ হতে ২৫ মাঘ, ১৪২৯ সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে। অন্যান্য তথ্যাদি ও জলমহাল সমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া এর কার্যালয় হতে জানা যাবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলের আবেদনপত্র অনলাইনে পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচিঃ

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম	মন্তব্য
০১.	০৬ থেকে ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ (২০ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২৩) এর মধ্যে	অনলাইনে আবেদন দাখিল।	
০২.	২৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ (০৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.) থেকে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখ বদ্ধ খামে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে দাখিল করতে হবে।	
০৩.	০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.) এর মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই	
০৪.	১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.) এর মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন	
০৫.	২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (১৪ মার্চ ২০২৩ খ্রি.) এর মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন	
০৬.	০৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ (২১ মার্চ ২০২৩ খ্রি.) এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।	
০৭.	২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ (০৬ এপ্রিল ২০২৩ খ্রি.) এর মধ্যে	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।	
০৮.	০১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৩ খ্রি.)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।	

বিঃদ্রঃ শর্তাবলী সিডিউলে এবং ওয়েব সাইটে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(সানজিদা সুলতানা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি

শেরপুর, বগুড়া

টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১

unosherpurbogra@mopa.gov.bd